গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd;ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

বিষয়: **প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উপবৃত্তি শাখায় ২০২২-২৩ অর্থবছরে সেপ্টেম্বর মাসে শাখা পরিদর্শণ প্রতিবেদন।**

**২.০ উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট নিম্নবর্ণিত দায়িত্ব পালন করে থাকে :**

(ক) সারাদেশের স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ, দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান, দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদান এবং ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরি তহবিল থেকে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক সহায়তা প্রদান সংশ্লিষ্ট দায়িত্ব পালন। এছাড়াও সকল উপবৃত্তি কার্যক্রম সমন্বয়ের সার্বিক দায়িত্ব পালন;

(খ) উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী, ভর্তি সহায়তা প্রাপ্ত শিক্ষার্থী, চিকিৎসা অনুদান প্রাপ্ত শিক্ষার্থী এবং আপৎকালীন জরুরি আর্থিক সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যাদি সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ করা;

(গ) উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ, ভর্তি সহায়তা প্রদান, চিকিৎসা অনুদান প্রদান এবং আপৎকালীন জরুরি আর্থিক সহায়তা প্রদানের জন্য কর্তৃপক্ষের নির্দেশনা মতো গঠিত কমিটির সভা আহ্বান, সুপারিশ প্রণয়ন, কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ এবং বাস্তবায়ন;

(ঘ) উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ এবং আর্থিক সহায়তা ও আর্থিক অনুদান প্রদানের সাথে সংশ্লিষ্ট অংশীজনের (সোনালী ব্যাংক ও মোবাইল অপারেটর) সাথে দাপ্তরিক যোগাযোগসহ তথ্য আদান-প্রদানের দায়িত্ব পালন করা;

(ঙ) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২-এর ৭ ধারা অনুসারে উপদেষ্টা পরিষদ ও ১১ ধারা অনুযায়ী ট্রাস্টি বোর্ডের সভা আয়োজন করা; এবং

(চ) কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্বাদি পালন ।

**৩.০ উপবৃত্তি শাখা পরিদর্শণপূর্বক প্রাপ্য তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:**

| ক্র: | বিষয় | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | রেজিস্টার সংক্রান্ত তথ্য | এ শাখায় ০১টি ইস্যু রেজিস্টার, ০১টি ডাক রেজিস্টার, ০১টি নথি মুভমেন্ট রেজিস্টার এবং ০১টি নথি রেজিস্টার রয়েছে। | শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শাখা পরিদর্শন করলেও এখন পর্যন্ত উর্ধ্বতন কোন কর্মকর্তা এ শাখা পরিদর্শন করেননি। |
| ২. | হার্ড নথি/ফাইলের তথ্য | এ শাখার কার্য সম্পাদনের জন্য বর্তমানে ৩৩ (তেত্রিশ)টি হার্ড নথি/ফাইল রয়েছে (সংযুক্তি-ক)। | ই-নথিতে কার্যক্রম সম্পন্ন করার পর তা হার্ড নথিতে সংরক্ষণ করা হচ্ছে। বর্তমানে উপবৃত্তি শাখায় ১৭টি চলমান ফাইলসহ ১৬টি হার্ডনথি/ফাইল রয়েছে। |
| ৩. | ই-নথি কার্যক্রম | উপবৃত্তি শাখায় বর্তমানে ই-নথিতে ২৮ (আটাশ)টি নথি রয়েছে (সংযুক্তি-খ)। | শাখার কার্যক্রম ৯০% ই-নথিতে নিষ্পন্ন হচ্ছে, এ ধারাবাহিকতা বজায় রাখাসহ আগামীতে ১০০% কাজ ই-নথিতে নিষ্পন্ন করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৪. | কম্পিউটার ও আনুসঙ্গিক যন্ত্রপাতি | এ শাখার ০১টি চালুকৃত কম্পিউটার, ০১টি পুরাতন কম্পিউটার, ০১টি ওয়ান সাইডেট প্রিন্টার, ০১টি ডুপ্লেক্স প্রিন্টার, ০১টি নষ্ট স্ক্যানার ও ০২টি চালুকৃত ইউপিএস রয়েছে। | এ শাখার জন্য ০১টি ভালো মানের কম্পিউটার এবং শাখা কর্মকর্তার জন্য ০১টি ল্যাপটপ সরবরাহ করা প্রয়োজন। |
| ৫. | টেলিফোন সংক্রান্ত | ০১টি টেলিফোন যার নম্বর ০২-৫৫০০০৪২৮ ও ০১টি ইন্টারকম যার নম্বর ১০৬। | ইন্টারকম ও টেলিফোন সেট দুটি সচল রয়েছে। |
| ৬. | আসবাবপত্র সংক্রান্ত | ০২টি আলমিরা, ০২টি টেবিল, ০১টি ফাইল কেবিনেট, ০১টি ফাইল র‌্যাক, ০২টি কম্পিউটার টেবিল, ০৬টি হাতলওয়ালা চেয়ার, ০২টি সেক্রিটারিয়েট চেয়ার, ০২টি ফ্যান, ০১টি ছোট ফ্রিজ ও ০১টি দেয়াল ঘড়ি রয়েছে। | এ শাখায় এটাস্ট বাথরুমের বেসিন ও লুকিং গ্লাসটি ব্যবহার অনুপোযোগী থাকায় নতুন সেরবরাহ করা প্রয়োজন। |
| ৭. | ওয়েবসাইট সংক্রান্ত | ট্রাস্টের উপবৃত্তি শাখা থেকে সারা বাংলাদেশের স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি বিতরণসহ; ষষ্ঠ-স্নাতক পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান, চিকিৎসা অনুদান প্রদান, আপৎকালীন জরুরি আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে। | বর্তমানে স্নাতক (পাস) এর পাশাপাশি স্নাতক পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উল্লেখিত সেবা গ্রহণে সংযুক্ত করা হয়েছে বিধায় ট্রাস্টের ওয়েবসাইটে এ সংক্রান্ত সেবা বক্সসমূহ হাল নাগাদ করা প্রয়োজন। |
| ৮. | এয়ার কন্ডিশনার | ৩০ জুন ২০২২ এ শাখায় এয়ার কন্ডিশনার বরাদ্দ করা হয়েছে। | এয়ার কন্ডিশনার সরবরাহ করা হলেও অদ্যবধি এটির স্থাপনা কার্য সম্পন্ন করা হয় নি। |

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট'র উপবৃত্তি শাখার সার্বিক কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়। উপবৃত্তি শাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ প্রয়োজনীয় কার্যার্থে/বাস্তবায়নের লক্ষ্যে কর্তৃপক্ষকে সদয় অবহিত করা হ'ল।

সংযুক্তি:

১. হার্ড নথি সংক্রান্ত তথ্য;এবং

২. ই-নথি সংক্রান্ত তথ্য।

৪-৯-২০২২

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

সহকারী পরিচালক

ফোন: ০২-৫৫০০০৪২৮

ইমেইল: ad.stipend@pmeat.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক (রুটিন দায়িত্ব)

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.২৫.০০১.২১.৫১

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯
০৪ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা

২) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৩) সহকারী পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৪) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (পরিচালক-এঁর সদয় অবগতির

জন্য)

৫) সহকারী প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৪-৯-২০২২

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

সহকারী পরিচালক